দৈনিক খবর

তারিখ 27 DEC 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

87

# বিশ্ববিদ্যালয় শিক্ষকদের প্রতিবাদ মিছিল ও সমাবেশ

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে জামায়াত-শিবির চক্রের হামলার প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা গতকাল বুধবার মৌন প্রতিবাদ মিছিল ও সমাবেশ করেছেন।

এ উপলক্ষে সকালে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আহবানে শিক্ষকরা অপরাজেয় বাংলার পাদদেশে সমবেত হয়ে এক মৌন প্রতিবাদ মিছিল বের করেন। মিছিল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে

শেষ পৃষ্ঠায় ৩য় কলামে

## বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

জাতীয় প্রেসক্লাবে গিয়ে শেষ হয়। সেখানে আয়োজিত সমাবেশে বক্তব্য রাখেন সমিতির নবনির্বাচিত সভাপতি অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী, সাধারণ সম্পাদক অধ্যাপক শাহাদত আলী, ভারপ্রাপ্ত সভাপতি অধ্যাপক শহীদ উদ্দিন, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক নুরুল আমিন বেপারী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষিকা হাসনা বানু।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্র-শিক্ষকের ওপর স্বাধীনতা বিরোধী জামায়াত-শিবির চক্রের হামলার তীব্র নিন্দা করে বলা হয়, যে অশুভ সাম্প্রদায়িক শক্তি দেশের স্বাধীনতার সময় ষড়যন্ত্র করেছিল তারা আজ বারবার ষড়যন্ত্র করছে। যে কোন মূল্যে এই শক্তিকে প্রতিহত করতে হবে। সমাবেশে ঘটনার বিচার বিভাগীয় তদন্ত ও দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করা হয়।